



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নামেম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নামেম রোড, খানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



নং: ৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০৩.১৮- ৬৭৭

তারিখ: ০৭/০৭/১৪৩৩ বঃ
২৪/০৬/২০২২ খ্রিঃ

বিষয়: মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য অন্তিভব্য ৩২^{তম} 'ট্রেনিং অন আইসিটি অ্যান্ড ইন্টারনেট প্রোগ্রামার ইন ইনস্টিটিউশনাল ওয়ার্ক' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩ থেকে ৭ আশ্বিন ১৪২৯ বঃ/ ১৮ থেকে ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ৩২^{তম} 'ট্রেনিং অন আইসিটি অ্যান্ড ইন্টারনেট প্রোগ্রামার ইন ইনস্টিটিউশনাল ওয়ার্ক' প্রশিক্ষণ কোর্সে স্বাস্থ্যবিধি মেনে নামেমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তীর আওতাধীন ৪(চার) জেলার ৪(চার)টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৪(চার)জন মাধ্যমিক পর্যায়ে প্রধান শিক্ষককে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ১২ সেপ্টেম্বর ২০২২খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

- মনোনীত প্রশিক্ষার্থীগণকে আগামী ১৮/০৯/২০২২খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নামেমে তীর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোস্টেল চার্জ পরিশোধ করে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে নামেমে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
- যাঁদের বয়স ৫৫ বৎসর অতিক্রম করেছে ও ইনডেক্সধারী নন এবং এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণটি পূর্বে গ্রহণ করেছেন; তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই। কোর্সে অংশগ্রহণের জন্য মনোনীত শিক্ষককে অবশ্যই এমপিওভুক্ত হতে হবে।
- যিনি বিগত ০১(এক) বছরের মধ্যে নামেমে পরিচালিত কোন প্রশিক্ষণ কোর্সে অংশ নিয়েছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
- মনোনীত শিক্ষক কোর্সে শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নামেমে ওয়েব সাইট www.naem.gov.bd -এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর>অন-লাইন রেজিস্ট্রেশন থেকে নির্ধারিত কোর্স ও ব্যাচের রেজিস্ট্রেশন ফর্ম পূরনপূর্বক কোর্সে যোগদানের জন্য প্রিন্ট করা ফর্ম সংগে নিয়ে আসবেন।
- সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (খাণ্ডা ও খাওয়া খরচ) সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ব্যাংকের ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
- প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে জনাব এ কে এম শাহ আলম, কোর্স সমন্বয়ক, ফোন নম্বর- ০১৮১৬৬০৬৩৪৩/০১৫৫২৩২৪৩৭৯-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
- মনোনীত শিক্ষককে অনলাইনে পূরনকৃত রেজিস্ট্রেশন ফর্মের প্রিন্ট কপি, কোর্সে যোগদানের সম্মতিপত্র, এমপিও শীট, জাতীয় পরিচয় পত্রের কপি, পাসপোর্ট সাইজের ১ কপি ছবি এবং ১০ টাকা মূল্যমানের ০১ (এক)টি রেজিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
- তীর প্রতিষ্ঠানের প্রোগ্রাম অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য (যদি থাকে) তাঁকে অনুরোধ করা হলো।
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-১৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রিঃ অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)

প্রাপক:

উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,

নং: ৩৭.০৪.০০০০.৪০১.২৫.০০৩.১৮- ৬৭৭ (২)

তারিখ: ০৭/০৭/১৪৩৩ বঃ
২৪/০৬/২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নামেমে, ঢাকা;
- পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
- প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- হোস্টেল সুপারিনটেনডেন্ট, মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী, নামেমে, ঢাকা;
- কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, নামেমে (আমন্ত্রণ পত্র ও মনোনীত প্রতিষ্ঠানের তালিকা নামেমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- তথ্যায়ন কর্মকর্তা, নামেমে, ঢাকা;
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নামেমে, ঢাকা;

(এ কে এম শাহ আলম)

কম্পিউটার প্রোগ্রামার

ও
কোর্স সমন্বয়ক

ফোন: ০২-৫৫১৬৭৫৪০